# সফটওয়্যারের কারুকাজ

## বুটেবল উইন্ডোজ ৮ রিকোভারি টুল তৈরি করা

অনেক সময় নতুন কমপিউটারের সাথে রিকোভারি ডিস্ক থাকে না, যা উইন্ডোজকে রিস্টোর করতে ব্যবহার হয়।

উইন্ডোজ ৮-এ সমস্যার সহজ সমাধান দেয়া হয়েছে। নতুনদের জন্য ওএসে সম্পৃক্ত করা হয়েছে দু'টি নতুন ফিচার : রিসেট ও রিফ্রেশ। এ ফিচার দুটি আপনাকে সহায়তা দিতে পারে স্বাভাবিকভাবে মিডিয়া রিকোভারি করার ক্ষেত্রে।

রিফ্রেশ ফিচার কার্যকরভাবে উইন্ডোজকে রিইনস্টল করতে পারে। এ ক্ষেত্রে সিস্টেমের সব প্রোগ্রাম সেটিংয়ের ডাটা আগের অবস্থায় থাকবে। এটি সিস্টেমের ট্রাবলশুট করার উপায়। আর রিসেট ফিচার সিস্টেমকে মুছে ফেলে এবং উইন্ডোজকে আবার ইনস্টল করে, যা নতুন ইনস্টলেশনের মতো কাজ করে।

কিন্তু সিস্টেম যদি বুট না হয়, তাহলে কী করবেন? এ অবস্থায় দরকার একটি বুটেবল রিকোভারি টুল। উইন্ডোজ ৮-এ বুটেবল রিকোভারি ডিস্ক তৈরির কাজটি বেশ সহজ। ফলে ফ্ল্যাশ ড্রাইভে বা খালি ডিস্কে বুটেবল রিকোভারি ডিস্ক তৈরি করতে পারবেন। এজন্য নিচে বর্ণিত ধাপগুলো সম্পন্ন করতে হবে :

* উইন্ডোজ স্টার্ট স্ক্রিনে টাইপ করুন Recovery।

* সার্চ রেজাল্ট প্যানে Settings-এ ক্লিক করুন।

* যদি অপশন গ্রে আউট না হয়, তাহলে Copy the recovery partition from the PC to the recovery drive বক্স চেক করুন। এটি ছাড়া আপনি শুধু System repair টুল পাবেন, যা সম্পূর্ণ রিইনস্টলে সক্ষম নয়।

* এ টুল আপনাকে বলে দেবে ব্যাকআপের জন্য কতটুকু ক্যাপাসিটি দরকার।

বাই ডিফল্ট এটি একটি বুটেবল ফ্ল্যাশ ড্রাইভ তৈরি করবে। যদি কোনো ডিস্ক ইনসার্ট না করেন তাহলে বিকল্প হিসেবে Create a system repair disc with a CD or DVD অপশনে ক্লিক করুন।

* প্রসেস সম্পন্ন করার জন্য বাকি প্রম্পট অনুসরণ করে কাজ করুন।

### উইন্ডোজ ৮-এ স্মার্টভাবে ফাইল সার্চ করা

উইন্ডোজ ৮-এর সবচেয়ে বাজে রূপ হলো স্টার্ট স্ক্রিনের ফাইল ম্যানেজমেন্ট। বিশেষ করে যদি আপনি ব্রাউজ বা ফাইল সার্চ করতে যেমন ওয়ার্ড ডকুমেন্ট, পিডিএফ ইত্যাদি চান, তাহলে তা সহসা আপনার কাছে সহজ মনে হবে না। এখানে কোনো ফাইল ম্যানেজার নেই।

এ ক্ষেত্রে অধিকতর ভালো হয় ফাইল এক্সপ্লোরার ব্যবহার করা, যা আগে উইন্ডোজ এক্সপ্লোরার হিসেবে পরিচিত।

স্টার্ট স্ক্রিন থেকে File Explorer-এ এক্সেসের জন্য নিচের যেকোনো তিনটি ধাপ সম্পন্ন করুন :

* File টাইপ করে File Explorer অ্যাপ টাইপ করুন।

* মাউসকে স্ক্রিনের নিচের বাম প্রান্তে মুভ করে এতে ডান ক্লিক করে বেছে নিন File Explorer পপআপ মেনু থেকে।

* Win কী এবং E একত্রে চাপুন।

**লক্ষণীয় :** বাই ডিফল্ট উইন্ডোজ এক্সপ্লোরার পয়েন্ট করে লাইব্রেরিতে। তবে আপনি ইচ্ছে করলে কাঙ্ক্ষিত ড্রাইভ বা ফোল্ডারে ক্লিক করে আরও ব্যাপক ও বিস্তৃতভাবে সার্চ করতে পারবেন।

**মিজানুর রহমান**
মিরপুর, ঢাকা

## বাড়িয়ে নিন কমপিউটারের ইউএসবি পোর্টের গতি

পিসির ইউএসবি পোর্টের ডাটা ট্রান্সফারের গতি বাড়াতে নিচে বর্ণিত প্রক্রিয়াটি অনুসরণ করুন। প্রথমে My Computer→Manage→ Device Manager→Ports (Com & LPT) →Communication's Port-এ বাম ক্লিক করুন দু'বার। পরবর্তী উইন্ডোতে Port Settings tab select করে Bits per second-এ ক্লিক করুন এবং সর্বোচ্চ সংখ্যা যেমন : ১২৮০০০ সিলেক্ট করে data bits সর্বোচ্চ ৪ সিলেক্ট করে Ok করে বেরিয়ে আসুন। ফলে পিসির বিভিন্ন পোর্টের ডাটা ট্রান্সফারের গতি বাড়াবে।

### নিজেই দেখুন পিসির সিস্টেম ইনফরমেশন

www.cupid.com সাইটে প্রবেশ করে হোমপেজে অবস্থিত CPU-Z নামের ২.১৯ মেগাবাইটের সফটওয়্যারটি ফ্রি ডাউনলোড করুন। সফটওয়্যারটি আপনার পিসির যেকোনো ড্রাইভে বা ডেস্কটপে থাকা অবস্থায় এতে পরপর দু'বার বাম ক্লিক করলে পিসির সব সিস্টেম স্ক্যান করবে অতি অল্প সময়ে। পরবর্তী উইন্ডোর ওপরের ৭টি ট্যাব থেকে প্রসেসরের নাম, মডেল তার বিভিন্ন স্পিড যেমন ফ্রন্ট সাইড বাস স্পিড ও বিস্তারিত বর্ণনা মাদারবোর্ডের মডেল ও ডিটেইলস, র‌্যামের বর্ণনা ও গ্রাফিক্স কার্ডের বিস্তারিত বর্ণনা যাচাই করে দেখতে পারবেন এখান থেকে।

### পরিবর্তন করুন ফোল্ডারের রূপ

পছন্দমতো একটি ফোল্ডারের ওপর ডান ক্লিক করে Properties নির্বাচন করুন। Customize ট্যাব নির্বাচন করে নিচে Choose Picture-এ ক্লিক করে নির্ধারিত ড্রাইভ থেকে একটি ছবি সিলেক্ট করে Ok করলে এ ফোল্ডারটি Thumbnails অবস্থায় ছবিটি প্রদর্শিত হবে। আবার Customize ট্যাব নির্বাচনের পর নিচে Change Icon-এ ক্লিক করে পছন্দমতো আইকন নির্বাচন করে Ok করুন। তারপর আবার Ok করে বেরিয়ে আসুন। এতে আপনার পিসির চিরাচরিত ফোল্ডারের আইকন পরিবর্তিত হবে।

**কার্তিক দাস**
পূর্ব মেরুল বাড্ডা, ঢাকা

## এক্সেলে কিছু শর্টকাট টিপ

মাইক্রোসফট এক্সেল এক শক্তিশালী স্প্রেডশিট প্রোগ্রাম, যা সারাবিশ্বে কোটি কোটি লোক ব্যবহার করে। ব্যবহারকারীর চাহিদার কথা বিবেচনায় রেখে এক্সেলে কিছু আকর্ষণীয় টুল সম্পৃক্ত করা হয়েছে, যা কাজের গতিকে আরও বেগবান করবে। নিচে এক্সেলের কিছু শর্টকাট টিপ তুলে ধরা হয়েছে, যা সম্ভবত অনেক অভিজ্ঞ এক্সেল ব্যবহারকারীর অজানা।

### সাম ইনসার্ট করা

এক্সেলে সবচেয়ে সাধারণ কাজ হলো যোগ করা। প্রচলিত ধারায় যোগ করার পরিবর্তে এখানে উল্লিখিত কৌশল অনুসরণ করলে কয়েকবার ক্লিকের সময় বাঁচবে। প্রতিবার এক কলামের বেশ কিছু সংখ্যার যোগফল পেতে চাইলে কলামের নিচে একটি সেল সিলেক্ট করে Alt কী চেপে = কী চাপলে সাম ফাংশন ইনসার্ট হবে। এরপর এন্টার চাপলে যোগফল ইনসার্ট হবে।

### সম্পূর্ণ কলাম সারি সিলেক্ট করা

আপনি যদি শুধু একটি কলাম সিলেক্ট করতে চান, তাহলে Ctrl চেপে Spacebar চাপুন। শুধু একটি সিঙ্গেল সারি সিলেক্ট করতে চাইলে Shift চেপে Spacebar চাপতে হবে।

### ওপরে নেভিগেট করা

একটি বড় স্প্রেডশিটে অনেক পেজ দীর্ঘ হতে পারে। এ ক্ষেত্রে স্ক্রলিং না করে Ctrl+Home কী চাপলে প্রথম সেলে অর্থাৎ A1 :-এ মুভ করবে। আর Ctrl+End চাপলে শেষ সেলে মুভ করবে।

**রুমা রহমান**
দুমকি, পটুয়াখালী

## কারুকাজ বিভাগে লিখুন

*কারুকাজ বিভাগের জন্য প্রোগ্রাম ও সফটওয়্যার টিপস বা টুকিটাকি লিখে পাঠান। লেখা এক কলামের মধ্যে হলে ভালো হয়। সফট কপিসহ প্রোগ্রামের সোর্স কোডের হার্ড কপি প্রতি মাসের ২০ তারিখের মধ্যে পাঠাতে হবে।*

*সেরা ৩টি প্রোগ্রাম/টিপসের লেখককে যথাক্রমে ১,০০০, ৮৫০ ও ৭০০ টাকা পুরস্কার দেয়া হয়। সেরা ৩ টিপস ছাড়াও মানসম্মত প্রোগ্রাম/টিপস ছাপা হলে তার জন্য প্রচলিত হারে সম্মানী দেয়া হয়। প্রোগ্রাম/টিপসের লেখকদের নাম কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকেও জানা যাবে। পুরস্কার কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকে সংগ্রহ করতে হবে। সংগ্রহের সময় অবশ্যই পরিচয়পত্র দেখাতে হবে এবং পুরস্কার চলতি মাসের ৩০ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।*

*এ সংখ্যায় প্রোগ্রাম/টিপসের জন্য প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় হয়েছেন যথাক্রমে–* **মিজানুর রহমান, কার্তিক দাস ও রুমা রহমান।**